# Short Technique & Basic Grammatical 99 Rules

এই অধ্যায়ের মধ্যে English Grammar এর সকল গুরুত্বপূর্ণ নিয়ম Short Technique ও সহজ ব্যাখ্যার মাধ্যমে উপস্থাপন করা হয়েছে। শুধু এই অধ্যায়টি পড়লে English Grammar-এর ৯০% সমস্যা দূর হবে।

**Basic Rule-1 :** একটি Sentence-এ Noun, Adjective, Adverb কীভাবে বসবে তা মনে রাখার কৌশল PAD.

P = Preposition, Possessive
A = Article, Adjective
D = Determiner

**i.** PAD এর পর একটি মাত্র শব্দ বসলে সেটি অবশ্যই Noun হবে।

**ii.** PAD এর পর দুটি শব্দ বসলে শেষের wordটি Noun এবং তার পূর্বের wordটি Adjective হবে।

**iii.** PAD এর পর তিনটি শব্দ বসলে শেষের wordটি Noun এবং তার পূর্বের wordটি Adjective এবং তার পূর্বের wordটি Adverb হবে।

সংক্ষেপে :

i. PAD + Noun
ii. PAD + Adjective + Noun
iii. PAD +Adverb+ Adjective + Noun

**Some Determiners**

A, an, the, any, many, much, few, fewer, little, less, all, another, each, every, either, no, neither, this, that, these, those, my, our, your, his, her, their, its, a lot of, lots of, an amount of etc.

i. But me no **buts.**

ব্যাখ্যা : এই বাক্যে buts–word টি Noun কারণ তা determiner –no এর পরে বসেছে। বাক্যটির অর্থ হলো—আমার কাছে কিন্তু কিন্তু করো না/ আমার সাথে আমতা আমতা করো না।

ii. Life is but a **walking** shadow.[জীবন একটি চলমান ছায়ামাত্র]

ব্যাখ্যা : এই Sentence এ underlined word – walking একটি Adjective, এখানে Article এরপর দুটি word বসেছে। a walking shadow. তাই শেষের shadow হচ্ছে noun এবং তার পূর্বের walking হচ্ছে Adjective.

iii. He lives in **Dhaka** city.

ব্যাখ্যা : Answer : Adjective। এই sentence এ underlined word- Dhaka একটি Adjective। কেননা preposition এরপর দুটি শব্দ বসেছে। preposition এরপর দুটি শব্দ বসলে শেষেরটি noun এবং তার পূর্বেরটি Adjecitve। তাছাড়া পাশাপাশি দুটি Noun বসলে পূর্বের Noun টি Adjective হয়।

iv. He is a **very** good boy.

ব্যাখ্যা : Answer : Adverb। এই sentence এ underlined word টি একটি Adverb। কারণ Article এর পর তিনটি শব্দ বসলে Article + Adv + Adj + Noun হয়।

v. It is your **go**. [এবার তোমার পালা]

ব্যাখ্যা : এখানে go একটি Noun কারণ তা Possessive – your এর পরে বসেছে।



Scanned by CamScanner

CamScanner

vi. Is it a he or a **she**?

ব্যাখ্যা : এখানে she একটি Noun কারণ তা Article – a-এর পরে বসেছে।

vii. He walked for a **while**. [রাবি-১২-১৩]

ব্যাখ্যা : এই বাক্যে while একটি noun কারণ তা Article – a-এর পরে বসেছে।

viii. Analyze the **above** sentence. The underlined word is_____. [JU, A-Unit. 14-15]

ব্যাখ্যা : এই Sentence এ underlined word – above একটি Adjective, এখানে Article এর পর দুটি word বসেছে। the above sentence. তাই শেষের sentence হচ্ছে Noun এবং তার পূর্বের above হচ্ছে Adjective.

**Basic Rule-2 : The Number of, One of the, One and a half, Neither of the, Either of the, Each of the এদের পর noun (plural) কিন্তু verb (singular) এবং Possessive (Singular)**

**মনে রাখার কৌশল : TONE এরপর noun (plural) – verb (singular) – Possessive (Singular)**

T = The Number of;
O = One of the, One and a half ;
N = Neither of the;
E = Either of the, Each of the

অর্থাৎ, এদের পর Noun (plural) — verb (singular) — Possessive (Singular)

যেমন : i. At least one of the $\frac{\text{students}}{\text{N(P)}}$ $\frac{\text{gets}}{\text{V(S)}}$ full marks in $\frac{\text{his}}{\text{P(S)}}$ exam. [24th BCS]

ব্যাখ্যা : i. One of the এর পর student না হয়ে students হয়েছে।

ii. Students এর সাথে verb get না হয়ে singular হওয়ার জন্যে gets হয়েছে । Verb এর সাথে s/es যোগ করলে verb singular হয়।

iii. Students এর পরিবর্তে their না হয়ে his হয়েছে

## Important Questions and Answers

1. The number of the students have / has done this work. Ans : has

2. Neither of these mattresses feel / feels comfortable. Ans : feels

3. Each of the sons followed____father's trade. (33rd BCS)
   (a) their (b) her (c) whose (d) his Ans : d

4. Choose the correct sentences. **(16th BCS)**
   (a) One of my friends are a lawyer. (b) One of my friends is a lawyer.
   (c) One of my friend is a lawyer. (d) One of my friends are a lawyer. Ans : b

**Basic Rule-3 : যে সব Transitive verb এর পর preposition বসে না।**

Meet, request, order, reach, contemplate, resemble, violate, ascend, emphasise, resign, ask, investigate, recommend, answer, announce, attack, concern, confuse, describe and enter etc.



Scanned by CamScanner

CamScanner

**মনে রাখার গল্প** এক মহিলা অফিসে ***Enter*** করার পর ***Boss order*** করল ***Resign*** *paper* এ ***Sign*** করার জন্য। সে প্রশ্ন করল কেন তাকে ***Resign*** করতে বলা হলো। এই প্রশ্নের কোনো ***Answer*** দেওয়া হলো না। কেউ তার জন্য কোনো ***Recommend*** করল না। সে এখান থেকে চলে গিয়ে *Station* এ পৌছালো (***Reach***)। সেখানে অফিসের একজনের সাথে দেখা হলো (***Meet***)। তার সাথে ***Discuss*** করে জানা গেল অফিসে ক্যাটরিনার মত (***Resemble***) কাউকে নিয়োগ দেওয়া হবে। এই জন্য অফিসে ক্যাটরিনার ছবিও ***Paint*** করা হলো।

Some important examples:

i. **Incorrect** : He has ordered for a cup of tea.
   **Correct** : He has ordered a cup of tea.

ii. **Incorrect** : I requested for a fresh copy of the form.
   **Correct** : I requested a fresh copy of the form.

iii. **Incorrect** : He reached to Chittagong in time.
   **Correct** : He reached Chittagong in time.

iv. **Incorrect** : Zerin resembles to her father.
   **Correct** : Zerin resembles her father.

**Note :** আলোচনা করা/চুক্তি করা অর্থে enter into হয়। যেমন :

The government entered into an agreement with India. (13th BCS)

1. We have recently entered–an agreement with the Inland Co-operative Society. [13th BCS]
   Which of the following does best fit in the blank space.
   (a). no preposition (b). upon (c). in (d). into Ans : D

**ব্যাখ্যা :** চুক্তিতে আবদ্ধ হলে enter into কিন্তু প্রবেশ অর্থে শুধু enter হবে।

2. The walls of our house have been painted——green. [14th BCS]
   Which is the correct preposition in the blank above?
   (a). no preposition (b). by (c). in (d). with Ans : A

3. Please ——the necessary of arriving early. [24th BCS]
   A) emphasise about B) emphasise to
   C) emphasise on D) emphasise Ans : D

**Basic Rule-4 :** Preposition, As well as, Not, And not, But not ইত্যাদি দ্বারা দুটি Noun বা Pronoun যুক্ত হলে পূর্বের Noun বা Pronoun এর উপর ভিত্তি করে Verb বসবে।

**মনে রাখার কৌশল :** *PANI* দ্বারা দুটি Noun বা Pronoun যুক্ত হলে পূর্বের Noun বা Pronoun এর উপর ভিত্তি করে Verb বসবে।

P = Preposition
A = As well as, And Not, But not, Along with, Accompanied by, Accompanied with
N = Not, But not
I = In addition to , Including to



Scanned by CamScanner

Example :

i. The Mayor, with his councilors, is to be present. (D.U- D Unit-13-14)

ii. Ruma as well as Jhuma is happy. (D.U- D Unit-1999-2000)

iii. Mamun as well as Nayeem deserves praise. [ প্রাথমিক সহকারী শিক্ষক-২০১১]

iv. He and not I **is** going.

v. He along with his friends **was** there.

vi. Her brother along with her parents **insists** that she remain in school. [EMBA-2013]

vii. Nipa as well as her brothers **has** come to me.[ প্রভাষক নিবন্ধন পরীক্ষা ২০১০]

**Note :** Noun এর সাথে s/es যোগ করলে Plural হয় কিন্তু Verb এর সাথে s/es যোগ করলে Verb singular হয়।

Basic Rule-5 : পাশাপাশি একাধিক **Noun** থাকলে সর্বশেষ টি **Noun** হয় বাকি সব Adjective. যেগুলোকে NFA (Noun functioning adjective) বলে। Adjective এর সাথে কখনোই s/es যোগ করা যাবে না।

**1.** Hasib lives in **Dhaka** city.
**2.** She is a **village** girl.
**3.** Yousuf is an **young** **University English** teacher.
**4.** This is the book of **English** language. [তথ্য মন্ত্রণালয়-২০০৪]

ব্যাখ্যা : উপরের বাক্য তিনটিতে city, girl, teacher, language Noun গুলোকে এদের পূর্বের word যথাক্রমে Dhaka, village, University, English এগুলো Modify করছে। তাই এরা Adjective.

Basic Rule-6 : Sentence-এ just, already, lately, recently, yet, so far, for a long time, till now, just now-Adverb / Adverbial phrase গুলো থাকলে Present perfect tense হয়।

**মনে রাখার কৌশল : AJJRAYLE (আযরাইল)**

A = Already
J = Just
J = Just now
R = Recently
A = Already
Y = Yet
L = Lately
E = Ever

1. Just
2. Just now
3. Already
4. Recently
5. Yet

→ এই শব্দগুলো বাক্যে থাকলে সাধারণত Present perfect tense হয়।

যেমন : 1. He has just gone out.
2. I have just now reached there.
3. Sanjida has already fallen in love.
4. Just now he has had dinner but he says he'll see you when he's finished. [24th BCS]
5. Have you not finished the work yet? [পররাষ্ট্র মন্ত্রণালয়-২০০১]



Scanned by CamScanner
CamScanner

Basic Rule-7 : কতগুলো **words** আছে যেগুলোর পর **that + sub** থাকলে পরবর্তী **Verb** এর **base form** হয়।

এক্ষেত্রে নিম্নোক্ত অনুসরণ করা যায় :

চেনার সহজ উপায় : **$Sub_1$** + (আদেশ, উপদেশ, অনুরোধ, জোর, দাবি, চাহিদা, প্রত্যাশা, প্রয়োজন, পরামর্শ, গুরুত্ব) **+ that + $sub_2$ + verb এর base form**

[Subject + Subjunctive words + that + sub + verb এর base form].

**Note : Am, is, are এর base form 'Be'**

## Subjunctive words

| Words | Meaning | Words | Meaning | Words | Meaning |
|---|---|---|---|---|---|
| Require | দরকার পড়া/হওয়া | Ask | জিজ্ঞাসা করা | Command | আদেশ |
| Request | অনুরোধ করা | Advise | উপদেশ দেওয়া | Pray | প্রার্থনা করা |
| Urge | তাড়া দেওয়া | Insist | জেদ করা | Insisted | জোর দিয়ে বলা |
| Urgent | জরুরি | Important | গুরুত্বপূর্ণ | Stipulate | শর্তে জোর করা/দেওয়া |
| Propose | প্রস্তাব করা/দেওয়া | Imperative | জরুরি, খুব গুরুত্বপূর্ণ | Requirement | প্রয়োজন |
| Prefer | পছন্দ করা | Suggest | সুপারিশ | Preference | বিশেষ অনুরাগ/অভিরুচি |
| Mandatory | বাধ্যতামূলক | Essential | প্রয়োজনীয়/অপরিহার্য | Advice | পরামর্শ |
| Obligatory | বাধ্যতামূলক | Recommend | সুপারিশ করা | Decree | অধ্যাদেশ |
| Demand | চাহিদা | Necessary | প্রয়োজনীয় | Necessity | জরুরি প্রয়োজন |

মনে রাখার কৌশল : **(RUPA IS MODERN)**

**R** = Require, Request, Recommend
**U** = Urge, Urgent.
**P** = Propose, Prefer, Pray
**A** = Ask, Advise.
**I** = Insist, Important, Imperative.
**S** = Suggest, Stipulate
**M**= Mandatory.
**O** = Obligatory
**D** = Demand, Decree
**E** = Essential
**R** = Recommend
**N** = Necessary



1. The doctor **insisted** (ইনসিস্ট-জোর দিয়ে বলা) **that** his patient **take** it easy for 4 months [CU: 2007 – 08]
2. **I insist that** she **come** alone. (আমি জোর দিয়ে বলছি যে সে একাকী আসুক) [DU, D:2013- 14]
3. The teacher **suggested that** her student **write** a composition on their experience with ESP. [CU- 07-08]



Scanned by CamScanner

CamScanner

4. President Regan's doctor **suggested that** he **take** a short rest of Camp David. [CU: 2010-11]

5. It is **imperative that** he **be** on time.

Basic Rule- 8 : **Die (মৃত্যু)/ the way of death/pass way**

i. রোগে মারা যাওয়া অর্থে Die of বসে।
Ex.He died of illness. [DU(C) 15-16]
The man died of malaria. **[Dhaka Bank Ltd.Trainee Officer (Cash)** নিয়োগ পরীক্ষা-২০১৬]

ii. দুর্ঘটনায় মারা যাওয়া অর্থে Die by বসে।
Ex.He died by an accident.

iii. খেয়ে বা না খেয়ে মারা যাওয়া অর্থে Die from বসে।
Ex.He died from over eating (hungry, injure) [25th BCS, DU]

iv. ভাল কাজের (দেশের) জন্য মারা যাওয়া অর্থে Die for বসে।
Ex. He died for country. [ইসলামি ব্যাংক বাংলাদেশ লিমিটেড জুন,২০১৬] **[Medical 16-17]**

v শান্তিতে মারা যাওয়া অর্থে Die in বসে।
Ex.He died in 1993.

vi. কাজ করতে করতে মারা যাওয়া অর্থে Die in hearness বসে।
Ex.He died in hearness.

vii. আত্মহত্যা করে মারা যাওয়া অর্থে Commit suicide বসে।
Ex. She committed suicide.

**Basic Rule-09 :** কখন, কোথায়, কীভাবে, কেন, শর্ত, কারণ, ফলাফল ইত্যাদি বোঝালে Adverb হয়।

**Adverb** সময়, স্থান, ধরণ, সংখ্যা, পরিমাণ, কারণ, উদ্দেশ্য, শর্ত এবং বৈপরীত্ব প্রকাশ করতে পারে।

**Time** : now, then, soon, early etc.
**Place** : here, there, far, near, etc.
**Manner** : slowly, quickly, surely, probably etc.
**Degree** : very, much, partly, wholly etc.
**Reason** : as, so, because, etc.
**Purpose** : that, so that etc
**Condition** : if, unless etc.
**Contrast** : though, although etc.

1. The day of my sister's marriage is drawing **near**. —— Adverb [25th BCS]
2. He started **early**. —— Adverb [৮ম সহকারী জজ]
3. He runs **fast**. —— Adverb [বরিশাল বিশ্ব.- ২০১২-১৩]
4. I know **better**. —— Adverb [কৃষি ব্যাংক পরিদর্শক পরীক্ষা-১৩]



Scanned by CamScanner

5. People like him **little.** —— Adverb [বরিশাল বিশ্ব. ২০১০৯-১০]

6. The mother sat **vigilantly** beside the sick baby. Here vigilantly' is —— Adverb **[37th BCS]**

Basic Rule-10 : বাক্যের শেষের ***preposition*** adverb হিসেবে ব্যবহৃত হয়. যেমন:

i. He went ***up***. (এখানে ***up*** adverb)

ii. He came ***in***. (এখানে ***in*** adverb)

iii. I saw him **before.** — Adverb [বাংলাদেশ টেলিভিশন এর প্রযোজক-২০০৬]

iv. The sun has gone **down.** — Adverb [সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা-১৩]

v. The sun went **down.** — Adverb **[38th BCS]**

## Preposition এবং adverb এর মধ্যে পার্থক্য

| **Adverb/Adverbial Particle** | **Preposition** |
|---|---|
| Go, and run *about.* | Don't loiter *about* the corridor. |
| I could not come *before.* | He came the day *before* yesterday. |
| Has he come *in*? | Is he *in* the room? |
| Raise your hands *up.* | Jack and Jill went *up* the hill. |
| The wheel came *off.* | The driver jumped *off* the car. |
| I have not seen him *since.* | I have not slept *since*yesterday. |
| We went *up* . | We went *up* the hill. |
| She walked *on.* | She kept the book *on* the table. |

Basic Rule-11: বাংলায় আমি, তুমি ও সে এভাবে বসে।

ইংরেজিতে একাধিক Pronoun বসে '231' নিয়মে।

অর্থাৎ, প্রথমে '2nd Person' তারপর '3rd Person' এবং '1st Person' বসে.

যেমন : আমি, তুমি ও সে সেখানে গিয়েছিলাম– $\frac{\text{you}}{2}$, $\frac{\text{he}}{3}$ and $\frac{\text{I}}{1}$ went there.

কিন্তু, দোষ স্বীকার করলে '123' এভাবে বসে।

যেমন : আমি, তুমি এবং সে এই ভুলটি করেছি→ $\frac{\text{I}}{1}$, $\frac{\text{you}}{2}$ and $\frac{\text{he}}{3}$ have committed the wrong.

আমি, তুমি এবং সে অপরাধী→ $\frac{\text{I}}{1}$, $\frac{\text{you}}{2}$ and $\frac{\text{he}}{3}$ are guilty.

**Note :** একাধিক pronoun and দ্বারা যুক্ত হলে verb plural হয়।

1. Which one os the correct sentence given below?
   (a) You, he and I went there.
   (b) He, you and I went there.
   (c) I, you and he went there.
   (d) You, I and he went there.



Ans : a



Scanned by CamScanner

CS CamScanner

Basic Rule-12. নিম্নের **noun** গুলো **uncountable** তাই এরা **singular subject** অতএব এদের পর **singular verb** বসবে।

## Important Uncountable Nouns

| Uncountable | Meaning | Uncountable | Meaning | Uncountable | Meaning |
|---|---|---|---|---|---|
| Advice | উপদেশ | Equipment | উপকরণ | Machinery | যন্ত্রপাতি |
| Accommodation | আবাসন | Hair | চুল | Poetry | কবিতা |
| Furniture | আসবাবপত্র | Laughter | হাসি | Scenery | দৃশ্য |
| Information | তথ্য | Music | সংগীত | Soap | সাবান |
| Work | কাজ | Weather | আবহাওয়া | Expenditure | ব্যয় |

মনের রাখার উপায় : **FAHIM, SWAN, PEN** থেকে মনে রাখা যায়।

| FAHIM | SWAN | PEN |
|---|---|---|
| F = Furniture, Fun, Food<br>A = Advice, Anger Accommodation;<br>H = Hair, Hatred, Homework;<br>I = Information, Ink;<br>M = Money, Music, Machinery, Milk | S = Soap, Scenery, Sugar;<br>W = Work, Weather, Wind;<br>A = Advice<br>N = News | P = Poetry, Poverty, Permission, Progress;<br>E = Equipment, Expenditure;<br>N = News |

একটি গল্প থেকে : নিষ্পাপ সাইফুল সকালে ***Keya Beauty Soap*** সাবান দিয়ে ভালভাবে গোসল করে ***Furniture***এ হেলান দিয়ে 'ফাইটা যায় আর জ্বইলা যায়' ***Music***শুনিতেছে। তার পকেটে ছিল না কোনো ***Money*** আর হাতে ছিল না কোনো ***Work***তাই ***Poetry***এর বই পড়ে ***Leisure time***কাটাইতেছে। বাবা এই অকর্মা ছেলের কাণ্ড দেখিয়া ঘরের সব ***Machinery, Equipment, Luggage - Damage*** করে দিল। সাইফুল একটু ***Courage***করিয়া ***Milk***এর সাথে ***Sugar***মিশাইয়া ***Bread***খাইল। তারপর ***Jewellery***দোকানে গিয়ে একটা ***gift***নিয়ে ময়ূরীকে ***Mail***এর মাধ্যমে ***Information, news***দিল যে আজ রাতেই দুইজন পালাবে। বাহিরের ***Wind, Weather***খুব একটা ভাল ছিল না। তখন সে নিজের ***Religion*** ও ***Progress***ভুলে গিয়ে আকাশে ***Space***এর ***Scenery***এর দিকে তাকিয়ে মাথার ***Hair***টানিতেছে আর ময়ূরীর জন্য অপেক্ষা করিতেছে।

## Uncountable Noun এর ব্যবহার

i. সাধারণত Uncountable Noun-Singular

ii. এদের পূর্বে সাধারণত Article বা সংখ্যাবাচক শব্দ বসে না।

iii. এদের সাথে সাধারণত s/es যোগ করা যায় না।

1. **Inc** : I need some furnitures.
   Cor : I need ***some furniture***. [DU-2004-05]
   ব্যাখ্যা : *Furniture-Uncountable noun তাই এর সাথে s/es যোগ করা যাবে না।*

2. **Inc :** Her hairs are falling
   Cor : ***Her hair is*** falling
   ব্যাখ্যা : *Hair-Uncountable noun তাই hairs হবে না এবং singular হবে।*



Scanned by CamScanner
CamScanner

Basic Rule-27 : **Relative Pronoun :** যে Pronoun কোনো Noun বা Pronoun এর পরে বসে পূর্ববর্তী Noun বা Pronoun কে নির্দেশপূর্বক দুটি Clause- কে যুক্ত করে তাকে Relative Pronoun বলে।

যেমন : Who, Which, What, That, Whom, Whose etc.

1. This is the pen which I want. [MBSTU-2015-16]

Relative Pronoun (Who, Which, That) সবসময় তার Antecedent এর পরেই বসে এবং এর পরের Verb টি ঐ Antecedent অনুসারে বসে।

1. It is I who **am** your brother. (*এখানে* Pronoun I *অনুসারে Verb am বসেছে)*
2. It is **you** who **are** to blame. [JU-2014-15]
3. It is **they** who **were** there (*এখানে they অনুসারে Verb were বসেছে)*
4. It is **Zerin** who **is** brilliant student. (*এখানে Zerin অনুসারে Verb Is বসেছে)*

Basic Rule-28 : প্রশ্নে **who**-এর ব্যবহার আসলে, ব্যক্তি + **who** + **verb** এভাবে বসবে। তার মানে, ব্যক্তির পরেই **who** বসে।

1. It was we **who had** left before he arrived. [DU(C)-2007-08]
2. Nazrul **who is** our national poet,was also a soldier. [DU(D)-2015-16]
3. **Choose the correct option**



   (a) The man was tall who stole my bag.
   (b) The man stole my bag whom was tall.
   (c) The man stole my bag who was tall.
   (d) **The man who** stole my bag was tall. Ans : (d)

4. **Choose the correct sentence :** [26th BCS]



   (a) The man that said that was a fool.
   (b) **The man who** said that was a fool.
   (c) The man, that said that, was a fool.
   (d) The man which said that was a fool. Ans : (b)

5. **Choose the correct sentence :**



   (a) The man could solve the problem who first knew it.
   (b) The man first knew it who could solve the problem.
   (c) The man which first knew it could solve the problem
   (d) **The man who** first knew it could solve the problem
   (e) The man is honest who collects the information Ans: (d)

6. **Choose the correct sentence :**



   (a) The man which collects the information is honest.
   (b) The man collects the information who is honest.
   (c) **The man who** collects the information is honest.
   (d) The man is honest who collects the information Ans : (c)



Scanned by CamScanner

CamScanner

**7. Choose the correct sentence :**



(a) The player that has played well will be awarded.

(b) **The player who** has played well will be awarded.

(c) The player will be awarded who has played well.

(d) The player which will has played well be awarded.

Ans : (b)

**Basic Rule-29 : LINKING VERB :** যে ***Verb*** এর ***Subject*** ও ***Complement*** একই বিষয়কে বুঝায় সে ***Verb*** কে Linking Verb বা Copulative verb বলে।



- I am a student
  I = student
  am = linking verb
- Zerin looks beautiful.
  Zerin = beautiful
  looks = linking verb

এখানে প্রয়োজনীয় এবং গুরুত্বপূর্ণ কতগুলো ***Linking Verb*** দেয়া হলো :

**মনে রাখার কৌশল :** ***AB FL GR ST***

A = Appear,
B = Be, Become,
F = Feel,
L = Look,
G = Go, Grow, Get,
R = Remain
S = Stay, Seem, Sound, smell
T = Taste




**Linking Verb *এর ব্যবহার :***

i. সাধারণত verb কে modify করতে verb এরপর adverb বসে কিন্তু Linking verb এরপর Adjective বসে।

ii. কিন্তু Linking verb এরপর Noun/Pronoun বা Preposition আসলে তাদের পর Adverb বসে।

**সংক্ষেপে :** 1. সাধারণ Verb + Adverb
2. Linking Verb + Adjective
3. Linking Verb + N/P/Preposition + Adverb

Example :

1. He works careful/carefully.

**ব্যাখ্যা :** উত্তর হবে carefully, কারণ সাধারণত Verb এর পর Adverb বসে।

2. He looks careful/carefully.

**ব্যাখ্যা :** উত্তর হবে careful, কারণ এখানে looks- Lingking verb. সাধারণত Lingking verb এর পর Adjective বসে।



Scanned by CamScanner

CamScanner

3. He looks after careful/carefully.

ব্যাখ্যা : উত্তর হবে carefully, কারণ এখানে looks- Lingking verb এর পর preposition after আছে। He looks ***very smart***.

4. He behaves friendly/in a friendly way. [DU-2003-04]

ব্যাখ্যা : উত্তর হবে in a friendly way, কারণ behaves– সাধারণ verb. সাধারণ verb এরপর adverb বসবে আর friend এর adverb হল in a friendly way. Adjective হচ্ছে friendly.

Basic Rule-30 : Someone, Somebody, Something, No one, Nobody, Nothing, Everyone, Everybody, Everything, Anybody, Anyone, Anything এরা বাক্যের subject হলে এদের পর verb singular হবে।

মনে রাখার কৌশল : SANE

| | | | |
|---|---|---|---|
| S | Somebody | Someone | Something |
| A | Anybody | Anyone | Anything |
| N | Nobody | No one | Nothing |
| E | Everybody | Every one | Everything |

1. ***Everybody has*** gone there [26th BCS]
2. ***Everything has*** been done to help him [খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা]
3. Somebody has gone. [সড়ক জনপথ-২০০৩]
4. Nobody has come here. [পররাষ্ট্র মন্ত্রণালয়-২০০৪]

Basic Rule-31 : *Hundred, thousand, million, billion, trillion, percent* এ শব্দগুলি নির্দিষ্ট করে বোঝালে এদের সাথে s/es যুক্ত হয় না। কিন্তু অনির্দিষ্ট, অর্থাৎ- শত শত, হাজার হাজার, মিলিয়ন মিলিয়ন-এ রকম বোঝাতে এ শব্দগুলোর সাথে *s/es* যোগ করতে হয়।

যেমন : Thousands of people died in the flood last year. (Not thousand)



i. **Incorrect** : I have thousand of book.
**Correct** : I have thousands of books.

ii. **Incorrect** : I have 10 thousands book.
**Correct** : I have 10 thousand books.

iii. **Incorrect** : Thousand of people died in the flood last year.
**Correct** : Thousands of people died in the flood last year.

Basic Rule-32 : দুটি ভিন্নধর্মী জিনিসের মধ্যে তুলনা করা হলে **than that of** বা **than those of** ব্যবহার করতে হয়। **than that of - singular** এ আর **than those of plural** এ বসে।

অর্থাৎ একই ***entity*** এর মধ্যে ***Compare*** করতে হবে। কখনোই আলাদা দুটি জিনিসের মধ্যে ***Compare*** করা যাবে না। যদি কখনো আলাদা দুটি জিনিসের মধ্যে ***Compare*** করা হয় তাহলে ***Illogical Comparison*** হয়। এ কারণে যদি কখনো এ রকম ভাবে ***Compare*** করা হয় তাহলে ***that of*** কিংবা ***those of use*** করতে হয়।

i. **Incorrect** : The climate of Dhaka is better than Comilla
**Correct** : The climate of Dhaka is better than that of Comilla.



Scanned by CamScanner

CamScanner

ii. **Incorrect** : The girls of Comilla are better than Comilla.
**Correct** : The girls of Comilla are better than those of Comilla.
iii. The income of college teacher is much less than that of a Doctor. [EMBA-DU]
iv. The facilities of older hospital are as good as or better than those of new hospital. [CU (E)]

**Basic Rule-33 :** *একটি বাক্যে যখন একই সাথে* Adverb of Manner, Adverb of Place & Adverb of Time *দেওয়া থাকবে তখন* M P T (Manner, Place, Time) এই Order বা ক্রম অনুসারে বসবে।

Adverb এর Serial

| M | P | T |
|---|---|---|
| Manner | Place | Time |

i. Mamun works ***sincerely in his office everyday***.
ii. Alamin plays cricket nicely in the field every afternoon.
iii. Zerin went ***there at 9.00 pm***.

**Basic Rule-34 :** যে সব শব্দের পর **from** বসে। মনে রাখার কৌশল **READ from PC**

**READ PC**

R = Remote from – দূরবর্তী।
Refrain from – বিরত থাকা।

E = Exempt from – অব্যাহতি দেওয়া।
Escape from – পরিত্রাণ পাওয়া।

A = Absent from – অনুপস্থিত।
Abstain from – বিরত থাকা।

D = Different from – বিভিন্ন
Desist from – বিরত থাকা।
Deter from – নিরুৎসাহ করা।
Deviate from – বিচ্যুৎ হওয়া।
Debar from – বঞ্চিত করা।
Divert from – অন্যদিকে চালিত করা।




P = Prevent from – প্রতিরোধ করা।
C = Cease from – বিরত থাকা।

1. You should ***refrain yourself from*** smoking. [DU-2009-10]
2. The village is ***remote from*** the town.
3. All late comersare ***exempted from*** the fine.
4. Nobody can ***escape from*** death.
5. Zerin was ***absent from*** college.
6. You can't ***prevent me from*** going. [BD. Agr. Bank-2011]
7. The man was ***absent from*** the meeting. [প্রধানমন্ত্রীর কার্যালযের গবেষণা কর্মকর্তা-২০১৩]



Scanned by CamScanner
CamScanner

8. Choose the correct sentence: [38th BCS]



(a) He refrained to take any drastic action.
(b) He refrained on taking any drastic action.
(c) He refrained in taking any drastic action.
(d) He refrained from taking any drastic action. Ans. (d)

Basic Rules: 35 : **Noun** এর শেষে সাধারণত : tion, sion, hood, ship, ness, ment, ce, cy , ch, th, or, er, ur, ure, ism, ist, age, dom, y, ty, ity, ee, e, al, ry, tude, wood, ence, ance, mony, red, ock, let etc.




*উপরোক্ত* Suffix *গুলো দিয়ে তৈরি* **Noun** *এর কতিপয় উদাহরণ নিম্নে উল্লেখ করা হলো:*

| **Suffix** | **Words (Noun)** | **Suffix** | **Words (Noun)** |
|---|---|---|---|
| **sion** | expression (অভিব্যক্তি) | **age** | passage, wastage **[RU -2009-10]** |
| **tion** | assassination (গুপ্তহত্যা), hallucination (দৃষ্টিভ্রম) | **dom** | wisdom |
| **hood** | falsehood (মিথ্যা) | **y** | honesty,beauty |
| **ship** | hardship | **ty** | Anxiety, (উদ্বেগ) Frailty (ভঙ্গুরতা) [37th BCS] |
| **ness** | sadness (বিপদ, দুঃখ) | **ity** | Gravity (মাধ্যাকর্ষণ), charity |
| **ment** | achievement (37th BCS). | **ry** | bravery |
| **ce** | coherence (সঙ্গতি), abyance [RU -2007-08] | **e** | awe (সম্ভ্রম/সম্মানবোধ) |
| **cy** | intimacy (অন্তরঙ্গতা) | **ee** | Payee |
| **ch** | breach (নীতিভঙ্গ হওয়া) | **r** | circular |
| **th** | growth, truth | **tude** | magnitude (বিশালত্ব, বিস্তার) |
| **or** | selector,doer | **ence** | competence(কর্মদক্ষতা) |
| **er** | adviser (উপদেষ্টা) | **wood** | hollywood |
| **ur** | Imprimatur (অনুমোদন) | **mony** | parsimony(কৃপণ) |
| **ure** | Departure (প্রস্থান) | **red** | hatred (ঘৃণা) |



Scanned by CamScanner
CamScanner

| | | | |
|---|---|---|---|
| ism | Optimism (আশাবাদ/শুভবাদ) | ock | Hillock |
| ist | Misogynist (নারী বিদ্বেষী), Misandrist (পুরুষ বিদ্বেষী) | ice<br>let | Practice,advice<br>Booklet (পুস্তিকা) |

## Questions from exam

নিচের উদাহরণগুলো থেকে বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় প্রায় প্রশ্ন কমন পড়ে থাকে। তাই এগুলো মনে রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

1. **Frailty the name is women. Here 'Frailty' is a noun.** [37th BCS]
2. **Accommodation is a noun** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক পরীক্ষা-১৯৯২]
3. **What is the parts of speech of the word 'measurement'—noun** [জেলা দুর্নীতি দমন অফিসার-১৯৯৪]
4. **Break** এর noun হলো **Breach/Breakage** [কর্মসংস্থান ব্যাংক ডাটা এন্ট্রি অফিসার-১১]
5. **Advise** এর noun হলো **Advice** [রাজশাহী বিশ্ববিদ্যালয়- ২০০৯-১০]
6. **Transcend** এর noun হলো **Transcendence** (সীমাতিক্রমী) [রাজশাহী বিশ্ববিদ্যালয়- ২০০৯-১০]
7. **Deny** এর noun হলো **Denial** (প্রত্যাখ্যান) [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক পরীক্ষা-১২]
8. **Poor** এর noun হলো **Poverty** [প্রাথমিক বিদ্যালয় সহকারী -১২] RU 2012-13
9. **Compel** এর noun হলো **Compulsion** [D.U- 2010-11]
10. **Repeat** এর noun হলো **Repetition**
11. **Know** এর noun হলো **Knowledge** (RU-2012-13)
12. **Hate** এর noun হলো **Hatred** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক পরীক্ষা-১১]
13. **See** এর noun হলো **Sight**
14. **Fly** এর noun হলো **Flight**



15. **Waste** এর noun হলো **Wastage** (RU 2009-10)
16. **Stupid** এর noun হলো **Stupidity** [NBR-12]
17. **Grand** এর noun হলো **Grandeur** (মহিমা)
18. **Vary** এর noun হলো **Variation/Variety** (CU 2009-10)
19. **Beautiful** এর noun হলো **Beauty** (27th BCS)



20. **Brief** এর noun হলো **Brevity** (RU 2009-10, JNU 2011-12)
21. **Master** এর noun হলো **Mastery /Master** [35th BCS]
22. **Do** এর noun হলো – Deed/Doer [C.U-2012-13]
23. **Defer** এর noun হলো Deferment (স্থগিতকরণ ) [C-Unit- D.U -2013-14]
24. **Assure** এর noun হলো **Assurance** (আত্মবিশ্বাস) [তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী তথ্য অফিসার-১৩]

Basic Rules - 36 : **Adjective** *এর শেষে সাধারণত*- **tive, sive, ful, nt, ic, ry, ary, ory, ing, ed, less, ish, some, like, al, able, ible, ous,** *ইত্যাদি থাকে।*



Scanned by CamScanner

CamScanner




| Suffix | Words (Adjective) |
|---|---|
| tive | abortive (ব্যর্থ/নিস্ফল) |
| sive | abrasive (ঘষে ক্ষয়সাধনে সক্ষম), (Decisive–চূড়ান্ত, নিশ্চায়ক) |
| ful | awful (ভয়ানক), wonderful [শিক্ষা অধিদপ্তর-২০১৩] |
| nt | abeyant (স্থগিত) |
| ic | artistic (রুচিসম্মত), (Diplomatic–কূটনৈতিক) (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে কারা তত্ত্বাবধায়ক-১৩) |
| ary | hereditary (পরম্পরাগত/বংশগত) [35th BCS], Necessary |
| ory | statutory (সংবিধিবদ্ধ), extraordinary (medical, 16-17) |
| ing | absorbing (চিত্তাকর্ষক), heartening |
| ed | adorned (সুসজ্জিত), abandoned [JU (A)- 2014-15] |
| less | dauntless (ভীতিহীন) |
| ish | bookish |
| some | quarrelsome |
| like | childlike |
| al | economical (মিতব্যয়ী) |
| able | sustainable (টেকসই) |
| ible | audible (শ্রবণসাধ্য), (Divisible – নিঃশেষে বিভাজ্য) (D.U- 2013-14) |
| ous | deleterious (ক্ষতিকর), perilous (ক্ষতিকর), meritorious [পরিবার পরিকল্পনা অধিদপ্তর-২০১১] |

**Basic Rule-37: Appropriate Preposition of মনে রাখার কৌশল :**

**BD JORINA LOVES TOMPA**

**BD**

B = Bereft of = বঞ্চিত
Boast of = গর্ব করা
Blind of = অন্ধ

D = Despair of = হতাশ হওয়া
Devoid of = বর্জিত





Scanned by CamScanner

CamScanner

**JORINA :**

J = Jealous of = ঈর্ষাপরায়ণ
O = Oblivious of = অচেতন/ মনভোলা
R = Repent of = অনুশোচনা হওয়া/ অনুতপ্ত হওয়া
Rob of = সম্পদ হরণকারি/ ডাকাতি
I = Ignorant of = অজ্ঞ/অনবহিত
Incapable of = অসমর্থ/অক্ষম
N = In need of = প্রয়োজনে
A = Accused of = অভিযুক্ত
Admit of = স্বীকৃতি পাওয়া
Ashamed of = লজ্জিত
Acquit of = মুক্তি দেওয়া, বেকসুর খালাস দেওয়া ।



**LOVES :** L = Lack of = ঘাটতি/অভাব
O = Observant of = মনোযোগী
V = Vain of = অহঙ্কারি
E = Envious of = ঈর্ষান্বিত
S = Sanguine of = নিশ্চিত/আশাবাদী

**TOMPA :** T = Tolerant of = সহনশীল/সহিষ্ণু
O = Omnibus = অচেতন/ মনভোলা
M = Mindful of = মনোযোগী/সচেতন
Made of = তৈরি করা
P = Proud of = গর্ব করা
A = Avail of = সদ্ব্যবহার করা/ কাজে লাগানো



**Jorina Loves Tompa**

## Some examples are given below

1. Your **conduct admit of** no excuse. [29th BCS]
2. Zerin was **bereft of** motherly affection.
3. A lazy boy always **despairs of** success in life. [প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০৯]
4. He is **devoid of** common sense. [26th BCS]
5. I am not at all **jealous of** his fortune.
6. Javed was **acquitted of** the charges of theft [DU. B-17-18]
7. Somebody **robbed him of** his purse.
8. He is **ignorant of** the rule. [RU-2013-14]
9. Do not **boast of** beauty. [JNU-2007-08]
10. He was **accused of** theft. [NBR-2012]





Scanned by CamScanner
CamScanner

**Basic Rule-38 :** Rise এর মানে হলো বিছানা ছাড়া, ঘুম থেকে ওঠা, দাম বাড়া, ওপরে ওঠা, সূর্য বা চন্দ্র ওঠা। Rise হলো অকর্মক ক্রিয়া; তাই এর পরে কোনো object বা কর্ম বসানোর দরকার নাই। Raise মানে উত্তোলন করা। এটি সকর্মক ক্রিয়া; তাই এর পরে object বা কর্ম বসবে।

| Present | Past | Past Participle |
|---|---|---|
| Rise | Rose | Risen |
| Raise | Raised | Raised |

Arise প্রায়ই rise এর স্থলে ব্যবহার করা হয়। উদ্ভূত হওয়া বা শুরু হওয়া অর্থেই Arise ব্যবহার করতে হবে।

Subject + raise (উত্তোলন করা) + object
Subject + rise (ঘুম থেকে ওঠা) + no object.



i. Inc : Mother raises very early in the morning.
Cor : Mother **rises** very early in the morning.

ii. Inc : The box is too heavy; I cannot rise it.
Cor : The box is too heavy; I cannot **raise it.**

1. The prices of rice are____. [28th BCS]
(a) raising (b) riser (c) rising (d) raised Ans : (c)

**Basic Rule-39 :** যে সকল **Preposition** এর সাথে **in** বসে

গল্প-১ : ***Persist*** = নাছোড়বান্দার মত অটল থাকা, ***Excel*** = অন্যদের চাইতে ভালো করা, ছাড়িয়ে যাওয়া, ***Indulge*** – প্রশ্রয় দেওয়া। টুনটুনি টিকটিকির ভালবাসাতে মগ্ন হয়ে (***indulge in***) জীবনে বড় একটা ***Mistake*** করল। তাদের ভালবাসাকে ***Succeed*** করার জন্যে ***Assist*** করেছিল তেলাপোকা। কিন্তু তেলাপোকা নিজেই টুনটুনির ভালবাসা পাওয়ার জন্যে একেবারে ***Persist*** করে। তেলাপোকা টুনটুনির প্রতি অন্যের ভালবাসাকে ***Excel*** করে তার রুমে ***in*** করলো, অবশেষে টুনটুনি তেলাপোকাকে বিশ্বাস ***(Believe, faith)*** করে ***correct*** সময়ে তেলাপোকার ভালবাসা গ্রহণ করে ***Right*** কাজ করল।

অর্থাৎ, indulge, Mistake, succeed, assist, persist, believe, faith, correct,right এদের পরে 'in' বসে।

1. Indulge in = আসক্ত হওয়া = Do not indulge in wire.
2. Excel in = গুণে/ কৃতিত্বে শ্রেষ্ঠ হওয়া = He excels in painting.
3. Persist in = লেগে থাকা = He persisted in disturbing me.
4. ***এরূপভাবে***

i. I ***succeed in*** solving the problem.
ii. We should not ***indulge in*** smoking.
iii. The boy ***excels in*** speaking English
iv. He was ***right / mistaken in*** thinking so
v. We ***believe in*** god.
vi. He ***persist in*** disturbing me. [Medical Admission -2015-16]





Scanned by CamScanner

1. Identify the correct sentences____. [23rd BCS]

(a) She had faith in and hopes for the future.

(b) She had faith and hopes for the future.

(c) She had faith and hopes in the future.

(d) She had faith and hopes in future.



Ans : (a)

**Basic Rule-40 : Used to ও get/ be used to এর ব্যবহার।**

Sub+ Used to + V এর base form

Sub + get/be (am, is, are, was, were) + Verb + ing.

**i.** **Incor :** Sanjida used to making tea.

**Cor :** Sanjida **used to make** tea.

**ii.** **Incor :** Mamun is used to watch TV.

**Cor :** Mamun **is used to watching** TV.

1. Choose the correct sentence : [DU. B Unit 17-18]

(a) He is used to work hard.

(b) He is used to working hard.

(c) He used to working hard.

(d) He has uesd to working hard.



Ans : (b)

Basic Rule-41 : **Sentence-এ [Always, often, how often, very often, never, occasionally, usually, generally, frequently, regularly, ever y+ time (every + day / week / morning), sometimes, on Monday, ever, twice, in Summer etc.] থাকলে Present Indefinite Tense হয়।**

মনে রাখার কৌশল :

OUR GARDENS

O = Often
U = Usually
R = Regularly

G = Generally
A = Always
R = Regularly
D = Daily
E = Everyday
N = Normally
S = Sometimes

1. Usually
2. Generally
3. Frequently
4. Never
5. Everyday
6. every week
7. Normally
8. Occasionally
9. Daily

→ এই শব্দগুলো বাক্যে থাকলে সাধারণত present Indefinite tense হয়।



যেমন : i. Mamun ***does not have to*** dress formally to work but he always ***does***

ii. Amin ***usually makes*** the mistakes.



Scanned by CamScanner

CS CamScanner

iii. Zerin ***sometimes comes*** in Dhaka University campus to meet me.

iv. I ***always remember*** the holidays I spent in your home. [25th BCS]

v. We ***often read*** newspaper. [DU (A) 2008-08]

## Basic Rule-42 : Later ও latter এর ব্যবহার

**Later = পর = Time**
**Latter = পরবর্তী = Position/place**

i. **Incorrect :** Zerin came to school latter than I.
**Correct :** Zerin came to school later than I.

ii. **Incorrect :** Open the later chapter.
**Correct :** Open the latter chapter.

## Basic Rule-43 : **Inversion/Negative Emphasis**

- **Inversion** অর্থ উল্টো বা বিপরীত। সাধারণত auxiliary verb-Subject এর পূর্বে চলে আসলে interrogative sentence হয় কিন্তু Inversion এর নিয়মে Auxilary verb subject এর পূর্বে বসলেও interrogative হয় না।
- Negative adverb বাক্যে শুরুতে বসলে Auxiliary verb টি subject এর পূর্বে বসবে।

| | | | | |
|---|---|---|---|---|
| * Hardly | * Scarcely | * Rarely | * Barely | * Seldom |
| * Never | * Never before | * Never again | * No sooner | * Not one |
| * Not once | * Not | * Until | * Not only | * Only after |

***মনে রাখার কৌশল :*** **NASMA**

N = Negative word
A = Auxiliary verb
S = Subject
M = Main verb
A = Additional/Adverb



- **No sooner had we reached the station than the train left.**

| No sonner | had | we | reached | the station than | |
|---|---|---|---|---|---|
| *N* | *A* | *S* | *M* | *A* | the train left. |

****** সব সময় Principal Clause এ হয়, অর্থাৎ শর্তযুক্ত Subordinate Clause অংশে হয় না।***

***Example:***

1. Incorrect : Hardly I have visited the place.
   Correct : Hardly **have I visited the place.**
2. Incorrect : Only with hard working you will get chance in Dhaka University.
   Correct : Only with hard working **will you get chance in Dhaka University.**
3. Incorrect : In front of our house a tower stands.
   Correct : In front of our house **stands a tower.**
4. **Never before have so many people** been out of work as today. [DU -2011-12]



Scanned by CamScanner

CamScanner

**Note :** শুধু **Adverb of Place**-এর ক্ষেত্রে **AV** না থাকলে **MV+ Sub** হয়, অর্থাৎ **'Do' Verb** কে আনা যাবে না।

Basic Rule-44 : Before/after: sentence-এ before-এর পূর্বে এবং after-এর পরে Past perfect tense হয় এবং বাকি অংশটি Past Indefinite tense হয়।

সংক্ষেপে : Before- before অর্থাৎ before এর পূর্বে
After- after অর্থাৎ after এর পরে } Past perfect বাকি দুটি Past Indefinite

**Structure :**

| | | | | |
|---|---|---|---|---|
| Past perfect | + | Before | + | Past indefinite |
| Past indefinite | + | After | + | past perfect. |

***Example:*** i. I **had look** a good doctor before I **met** you. [26th BCS]

ii. Zerin **had written** the book before she **retired.** [26th BCS]

iii. She **told** me his name after he **had left.** [25th BCS]

iv. Mamun **met** Zerin after she **had passed** the exam.

কিন্তু একটি কাজ থাকলে এবং ঐ *sentence* এ *before* থাকলে সেটি *past indefinite* হবে। যেমন:

v. Mamun saw Sanjida before.

Basic Rule-45 : **Finite Verb** (সমাপিকা ক্রিয়া) যেই verb মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশ করতে পারে number, person ও tense অনুসারে পরিবর্তিত হয় তাকে Finite Verb বলে।

**Finite Verb :** i. Verb এর Base form; ii. Present form; iii. Past form

**1. Verb-এর Base form :** Be, Have, Do, Go etc

**2. Verb-এর present form :** am, is, are, have, has, do, does, go, goes etc.

**3. Verb-এর past form :** was, were, did, went etc

**Non-finite verb** (অসমাপিকা ক্রিয়া) : যেই Verb মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশ করতে পারে না এবং Number, person ও tense অনুসারে পরিবর্তিত হয়না, সেই verb কে বলা হয় non finite verb.

**Non finite verb :** 1.To + Verb বা Infinitive
2.V+ing বা Gerund বা Present Participle
3.Verb এর Past Participle

✓ To + Verb = To do, To go etc
✓ V + ing = Doing, Going
✓ $V_3$ বা Past Participle = Done, Gone

**Finite ও Non-finite** এর সম্পর্ক : প্রতিটি বাক্যে বা Clause এ অবশ্যই একটি Finite Verb থাকবে। ঐ বাক্যে বা Clause এ একের অধিক Verb আসলে বাকি Verb গুলোকে Non-finite verb এ পরিণত করতে হবে।

1. He has been reading this book to learn English since morning.

ব্যাখ্যা : *এই বাক্যে ৪টি verb আছে has, been, reading, to learn, এদের মধ্যে has Finite Verb কারণ Verb এর present form been-V3 এবং non-finite; Reading-non finite; to earn non- finite.*



Scanned by CamScanner

| Finite verb (সমাপিকা ক্রিয়া) | Non-finite verb (অসমাপিকা ক্রিয়া)/ Infinitive |
|---|---|
| Bimal **goes** to school. | Bimal does not like **to go** to school. |
| The mangoes **tastes** sweet. | The mangoes are sweet **to taste.** |
| He **attended** three meetings. | He had three meetings **to attend**. |
| The boot **is** so heavy that he can not walk. | The boot is too heavy for him **to walk.** |
| We can **save** India by patriotism. | Patriotism is the way **to save** India. |

## Basic Rule-46 : **Bare Infinitive [Infinitive without 'to'**

Infinitive- এর সঙ্গে প্রায়শই to ব্যবহৃত হয় । কিন্তু bid, let, make, need, dare, see, hear verb- এর পর Infinitive করতে হলে to ব্যবহৃত হয় না ।

i. আমি তাকে যেতে আদেশ করলাম - I bade him **go**.
ii. তাকে সেখানে বসতে দাও - Let him **sit** there.
iii. আমি তোমাকে যেতে দেব না - I will not let you **go.**
iv. আমি তাকে ছুটতে বাধ্য করলাম - I made him **run.**
v. তোমার আজ যাওয়ার প্রয়োজন নেই - You need not **go** today.
vi. আমরা তাকে কাজটি করতে দেখলাম - We saw him **do** the work.
vii. আমি তাকে কাঁদতে শুনলাম - I heard him/her **cry.**
viii. তোমার এটি করতে সাহস করা উচিত নয় - You dare not **do** it.

## Basic Rule-47 : **In time** ও **On time** এর ব্যবহার ।

**i. On time :** fixed time/সুনির্দিষ্ট সম বোঝাতে On time বসে (on time means at the planned time, neither late nor early)

**ii. In time :** নির্দিষ্ট সময়ের পূর্বে বা পরে বোঝাতে In time বসে । (In time means with enough time to spare, before the last moment)

(a) The train came on time but we arrived in time to get good seats.
(b) When he reached the air-port in time, the plane took off on time.
(c) The train is running on time.
(d) Drivers stopped the car on time to avoid the collision.[DU (EMBA)]

1. Choose the correct Sentence. [26th BCS]



(a) The train is running in time.
(b) The train is running on time.
(c) The train is running with time.
(d) The train is running to time.

Ans : (b)

ব্যাখ্যা : On নির্দিষ্ট সময়ের পূর্বে বুঝাতে in time বসে । আর নির্দিষ্ট সময়ের পূর্বেও না পরেও না এমন সময়কে বুঝাতে on time বসে ।

## Basic Rule-48 : **Deal in** ও **deal with** এর ব্যবহার ।

i. Deal in = ব্যবসা করা = He deals in rice
ii. Deal with = আচরণ করা / ব্যবহার করা = He deals well with the customers.
iii. He deals in foreing good .
iv. Our firm deals with several leading merchants. [National Bank -2015]



Scanned by CamScanner

CamScanner

## Basic Rule-49 : **Conditional Sentence**

1. **If** যুক্ত **Clause** টি যদি **simple present tense** হয়, তবে পরবর্তী **Clause**-এ **future tense** হয়।

| **If Clause (Simple Present)** | **Main Clause (Will/shall/can/may + verb)** |
|---|---|
| If it rains | I'll stay at home. |
| If he runs all the time | he can get there in time. |

2. If যুক্ত Clause-এ যদি verb-টি past form (be verb = were)-এ হয়, তবে পরবর্তী clause-এ would/ could / might এর পর verb এর base form হয়।

| **If Clause (Simple Past)** | **Main Clause (would/could+ verb)** |
|---|---|
| If I had a degree | I could get a job easily. |
| If I dropped the plate | It would break. |

3. If clause-এ যদি (had + $V_3$) হয়, তবে পরবর্তী clause-এ would/ could/ might + have + verb এর past participle form হবে।

| **If Clause (Past Perfect )** | **Main Clause (would/could+verb Gi past participle)** |
|---|---|
| If I had seen him, | I could have saved him. |
| If you had come to me | I might have helped you. |

**Note :** Had + Sub + $V_3$ + Ext এভাবে কোন **Sentence** শুরু হলে সেটিও **Perfect conditional/ 3rd Conditional** হয়।

যেমন : 1. Had I been a king, I would have helped the poor.

2. Had he known anything, he would have told me.

### *** Zero Conditional

If clause-এ যদি Present Simple থাকে তাহলে পরবর্তী clause ও Present Simple হবে।

যেমন : 1. If water is heated, it boils at 100 degree C temperature.

2. If we heat ice, it melts.

***Example :*** i. I wish I were a queen. [DU(C) 2016-17]

**Note :** If/Iwish এরপর Be verb আসলে were হয়।

ii. If I find a bag, in the street, I take it to the police. [DU (C) 2016-17]

iii. If Ruby is heated it will temportely lose its color. [18th BCS]

iv. I cannot but go আমি না গিয়ে পারি না. [Medical 16-17] [26th BCS]

(a) would (b) could

(c) would have been (d) must be Ans : (c)

v. If I had a car, I — place.

(a) visit (b) visited

(c) would visit (d) would have visited Ans: (c)

vi. Fill in the gap with the right tense : When water — it turns into ice. [38th BCS]

(a) will freeze (b) freezes

(c) would freeze (d) froze Ans: (b)



Scanned by CamScanner

## Basic Rule-50 : **Cannot but/ can not help** এর ব্যবহার ।

- Cannot but + Verb base form (অর্থাৎ **Cannot but** এর পর **Verb** এর **Base form** বসে ।)
- Cannot help + **Verb + ing** (অর্থাৎ ***Cannot help*** এর পর ***Verb*** এর ***present form*** এর সাথে ***ing*** বসে ।)

Example :

i. I can't help going there. [বেসরকারি কলেজ প্রভাষক -২০১৩]

ii. Limon cannot but marry the girl.

ব্যাখ্যা: এখানে *can't but* এর পর *marry* $v_1$ বসেছে ।

iii. Limon cannot help marrying the girl.

ব্যাখ্যা: এখানে *can't help* এর পর *marry* এর সাথে ***ing*** বসেছে ।

1. I could not _______ laughing. [DU. A Unit 17-18]

(a) but (b) assist (c) help (d) though Ans : (c)

## Basic Rule-51 : '**Made of**' '**made from**' এর ব্যবহার ।

1. কোনো কিছু তৈরির পর ঐ উপাদানটি দেখা গেলে made of বসে ।



- ➢ This table is ***made of*** wood.
- ➢ This ring is ***made of*** gold.

2. কোনো কিছু তৈরির পর ঐ উপাদানটি দেখা না গেলে made from বসে ।

- ➢ The paper is ***made from*** wood/ bamboo. [36th BCS]

## Basic Rule-52 : সত্য কথা বলা বোঝাতে speak ব্যবহৃত হয় । আর মিথ্যা কথা বলার ক্ষেত্রে tell ব্যবহৃত হয় ।




i. Inc : He tells the truth.
   Cor : He speaks the truth.

ii. Inc : He said a lie.
    Cor : He told a lie.

**Note :** 'Truth' এর পূর্বে the বসে এবং 'Lie' এর পূর্বে a বসে ।

## Basic Rule-53 : **Write with** ও **in ink** এর ব্যবহার ।



- ➢ কলম/পেন্সিল লেখা অর্থে write with
- ➢ কালিতে লেখা বোঝাতে in ink

Example : i. We write with pen.

ii. We write in ink.

iii. I am writing the essay in blue ink. [DU (C) 2016-17]

## Basic Rule-54 : **Devoted** মানে ভাল কাজে আসক্ত, আর **Addicted** মন্দ কাজে আসক্ত । এর পরে **Preposition to** বসে ।



- ➢ Inc : He is addicted to his studies.
  Cor : He is devoted to his studies.
- ➢ Inc : He is devoted to smoking,
  Cor : He is addicted to smoking.



Scanned by CamScanner

CamScanner

## Basic Rule-55 : Verb+al = Noun = Remove+al= Removal.

* **Noun** এর শেষে সাধারণত **al** পাওয়া যায় না– **al** যুক্ত কিছু ব্যতিক্রম **Noun.** যেমন :

| verb | Noun |
|---|---|
| Propose – প্রস্তাব করা/দেয়া | Proposal – প্রস্তাব |
| Refuse – অস্বীকার করা | Refusal – অস্বীকৃতি, অসম্মতি |
| Approve – অনুমোদন করা | Approval – অনুমোদন |
| Survive – বেঁচে থাকা | Survival – বাঁচা বা টেকা |
| Dismiss – বরখাস্ত করা | Dismissal – বরখাস্ত |
| Arrive – আগমন করা | Arrival – পৌছানো |
| Remove – অপসারণ করা | Removal – অপসারণ |
| Deny – সত্য অস্বীকার করা | Denial – সত্যকে অস্বীকার |
| Acquite – বেকসুর খালাস দেওয়া | Acquittal – বেকসুর খালাস |

**Rule-56 : Noun** এর সাথে **ly** যোগ করলে তা **Adjective** এ পরিণত হয়। অর্থাৎ, **noun + ly = Adjective .**

*যেমন :* **Brotherly, Motherly, Sisterly, Friendly, Lovely, Homely** ইত্যাদি এরা **Adjective.**

| Noun | Adjective |
|---|---|
| King – রাজা | Kingly – রাজকীয় |
| Friend – বন্ধু | Friendly – বন্ধুত্বপূর্ণ |
| Man – পুরুষ | Manly – পুরুষোচিত, পুরুষালী |
| Month – মাস | Monthly – মাসিক |
| Scholar – বিদ্বান, পণ্ডিত | Scholarly – পাণ্ডিত্যপূর্ণ, |
| Week – সপ্তাহ | Weekly – সাপ্তাহিক |
| Year – বছর, বর্ষ, বৎসর | Yearly – বার্ষিক, বাৎসরিক |
| Love – প্রেম, ভালোবাসা | Lovely – প্রেমময়, সুন্দর, আকর্ষণীয় |

***Example :***

1. Motherly – Adjective [Jagannath (D-unit)- 2012-13]
2. Homely – Adjective Medical- 2013-14
3. Friendly – Adjective রাজশাহী বিশ্ববিদ্যালয়-২০১২-১৩

**Note :** Father এর Adverb, in a fatherly way, Mother এর Adverb, in a motherly way, Friend এর Adverb in a friendly way

**Rule-57 :** সাধারণত Noun এর শেষে y থাকে। যেমন : Honesty, beauty, charity, gravity etc. কিন্তু কিছু কিছু Noun এর সাথে y যোগ করলে তারা Adjective হয়ে যায়। অর্থাৎ, noun + y = Adjective .



Scanned by CamScanner

| Noun | Adjective |
|---|---|
| Ice | Ice +y= Icy |
| Mud | Mud +y= Muddy |
| Oil | Oil +y= Oily |
| Home | Home +y=Homey |
| Snow | Snow +y= Snowy |
| Blood | Blood +y= Bloody |
| Heart | Heart +y= Hearty |

**Basic Rule- 58 :** সাধারণত Adjective এর সাথে ly যুক্ত করলে Adverb পাওয়া যায়। যেমন :

| Adjective | Adverb |
|---|---|
| Vigilant | Vigilantly [37th BCS] |
| Skilful | Skillfully |
| Clever | Cleverly |
| Correct | Correctly |
| Complete | Completely |
| Warm | Warmly |
| Successful | Successfully |
| Real | Really |
| Angry | Angrily |
| Honest | Honestly |
| Careful | Carefully |

| Words | Adjective | Adverb |
|---|---|---|
| early | He is an *early riser.* | He started *early.* |
| fast | He is a fast runner. | He runs *fast.* |
| hard | It is hard work. | He works hard all the day |
| loud | He speaks in a *loud* voice. | Don't sing so *loud.* |
| enough | I have *enough* food. | She sings well *enough.* |
| best | He is the best boy in the class. | Try best. |

***Example :***

1. The mother sat vigilantly beside the sick baby. Here 'vigilantly' is-Adverb. [37th BCS]

**Basic Rule-59 :** সাধারণত **comparative form** এর পূর্বে **the** বসে না।

➢ **Such as : He is better than I**

i. তবে বাক্যে ***of the two, of the pair*** বা ***of the couple*** এ জাতীয় শব্দ থাকলে ***Comparative form*** এর পূর্বে ***the*** বসে।

Scanned by CamScanner

CamScanner

➢ This is the wiser plan of the two. [সমবায় দপ্তর গেজেট অফিসার-১৯৯৭]
➢ Rony is the smarter of the two boys. [থানা অফিসার-১৯৯৯]

## Practice Questions

**1. Joya is ———— beautiful of the two girls**

a) the more b) most
c) the most d) more **Ans : (a)**

**2. Which sentence is the correct?**




(a) Of the two shirts, this one is the prettiest.
(b) Of the two shirts, this one is prettier.
(c) Of the two shirts, this one is the pretty.
(d) Of the three shirts, this one is the prettier.
(e) Of the two shirts, this one is the prettier. **Ans : (e)**

ii. ***Double Comparative*** বা বাংলা বাক্যে, যত-তত বোঝালে ***comparative form*** এর পূর্বে ***the*** বসে।

1. The more you read, the more you learn. [প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-২০১১]
2. The harder he tried, the easier it became.
3. The more you review, the easier the patterns.

**1.The longer I live here—** **(D unite 2010-11)**

(a) I like the more. (b) the more I like it.
(c) the more do I like it. (d) I like it more. **Ans :(b)**

**2. The more he slept, ————**



(a) the most irritable he became.
(b) more irritable he became.
(c) the more irritable he became.
(d) the irritable he became. **Ans : (c)**

**Basic Rule-60 :** By this time বা by + time থাকলে বাক্যটি future perfect tense হবে।

(i) By 2015, I will have worked for IDB 5 years. [DU(D) 2001-02]
(ii) By 2010, I will have worked for this firm 15 year. [DU(B) 2001-02]
(iii) He will have reached Dhaka by this time.
(iv) By 2020, Amin will have married Kanika

**Basic Rule-61 :** প্রাণী ডুবে যাওয়া বোঝালে 'drown' এবং বস্তু ডুবে যাওয়া বোঝালে 'sink' বসে।



(i) Inc: The ship drowned.
Cor: The ship sunk.
(ii) Inc: The dove is sinking in the pond.
Cor: The dove is drowning in the pond.

**Basic Rule-62 :** Hang ও hung এর ব্যবহার।

| Present | Past | Past Participle |
|---|---|---|
| Hang (ফাঁসি দেয়া) | hanged | hanged |
| Hang (ঝোলানো) | hung | hung |



Scanned by CamScanner
CamScanner

**Hanged — Hung**

(i) Inc : The man was found guilty and hung.
Cor : The man was found guilty and hanged.

(ii) Inc : Mother hanged the clothes up to dry.
Cor : Mother hung the clothes up to dry.



1. Choose the correct sentence. [11th BCS]
(a) He had been haunged for murder.
(b) He was been hunged for murder.
(c) He was hanged for murder.
(d) He was hunged of murder.



Ans : (c)

**Basic Rule-63 : Lie—Lay এর ব্যবহার।**

| *Present* | *Past* | *Past Participle* |
|---|---|---|
| lie (শোয়া বা বিশ্রাম নেয়া) | Lay | Lain |
| Lie (মিথ্যা বলা) | Lied | Lied |
| Lay (রাখা, স্থাপন করা) | Laid | Laid |
| Lay (ডিম দেয়া) | Laid | Laid |

(iii) Inc : I lied the book on the table.
Cor : I laid the book on the table.



(iv) Inc : He laid down to rest.
Cor : He lay down to rest.

(v) Inc : The hen has lain an egg.
Cor : The hen has laid an egg.

**Basic Rule-64 : The + Adjective = Plural Common noun. এর পর সর্বদা Plural verb হয়।**

(i) Incorrect : The rich is not always happy.
